

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৯, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ জুন ২০১৯ খ্রিস্টাব্দ/০৩ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-১৯৪।—“স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৯ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৪৯৬ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর Section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংশ্লিষ্ট বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩ নং কলামে বর্ণিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ৫ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৮(আট) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ২২ জুন, ২০১৯ খ্রিঃ হতে ২৬ জুন, ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রমিক নং	জেলা	পৌরসভা	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
১	হবিগঞ্জ	হবিগঞ্জ	মেয়রের শূন্য পদ	জনাব মোহাম্মদ সুলতান উদ্দীন প্রধান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ
২	মৌলভীবাজার	বড়লেখা	৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	জনাব হরিদাস কুমার, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বড়লেখা, মৌলভীবাজার
৩	ফরিদপুর	মধুখালী	১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর	জনাব জি, এম, নাজমুছ শাহাদাৎ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর
৪	চট্টগ্রাম	সাতকানিয়া	৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	জনাব মোঃ হেলাল উদ্দীন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম

(১৮-৬৫৭)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
৫	ঝিনাইদহ	শৈলকুপা	৩নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর	জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ
৬	পটুয়াখালী	কলাপাড়া	৩নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর	জনাব মোঃ আমিরুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী
৭	ময়মনসিংহ	গৌরীপুর	৭নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	জনাব হাফিস-আল-আসআদ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
৮	যশোর	নওয়াপাড়া	৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর	জনাব মোঃ সাইফুদ্দীন হোসাইন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম :

পৌরসভার নাম:

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সাভিসের কর্মকর্তা নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঞ্চে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ শরীফ হোসেন হায়দার

উপসচিব (আইন)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd